

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৮.২০.০০১.২০১৮(অংশ)-১০৭

তারিখ:

২৯ ফাল্গুন, ১৪২৯
১৪ মার্চ, ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয় : শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে ২০২৩-২০২৪ অর্থবছরে গবেষণা প্রস্তাব আহবান।

উচ্চতর গবেষণা প্রতিপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উন্নয়ন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলার লক্ষ্যে নিম্নবর্ণিত ১১ (এগারো)টি গবেষণা ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছে:

১. গণিতিক বিজ্ঞান (Mathematical Sciences);
২. জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences);
৩. ভৌত বিজ্ঞান (Physical Sciences);
৪. সামাজিক বিজ্ঞান (Social Science);
৫. আইসিটি (ICT) ;
৬. মেরিন সায়েন্স (Marine Science) ;
৭. Sustainable Development Goals (SDGs) এবং ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক গবেষণা;
৮. Engineering and Technology;
৯. Public Policy of Bangladesh;
১০. ব্যবসায় শিক্ষা; এবং
১১. বাংলাদেশ উন্নয়ন অধ্যয়ন।

২। বাংলাদেশের সকল সরকারি ও বেসরকারি সাধারণ, বিশেষায়িত, কারিগরি, কৃষি এবং চিকিৎসা বিশ্ববিদ্যালয়সহ জাতীয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আওতাধীন স্নাতকোত্তর কলেজসমূহের সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন। এছাড়া সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারী যারা গবেষণার সাথে সম্পৃক্ত আছেন অথবা গবেষণা কর্ম করতে আগ্রহী তারাও আবেদন করতে পারবেন। আবেদন ফরমের নির্ধারিত স্থানে মুখ্য গবেষকের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর (যদি থাকে) আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৩। গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহ :

- (ক) আবেদনকারীগণকে প্রাথমিক পর্যায়ে PCN (Project concept note) দাখিল করতে হবে;
- (খ) মৌলিক ও ফলিত গবেষণাকে অগ্রাধিকার দেয়া হবে;
- (গ) মান সম্পন্ন দেশ, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;
- (ঘ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যৌর আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/ সিম্পোজিয়াম/ ওয়ার্কশপে প্রবক্ত উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;
- (ঙ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকাড়ের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;

চলমান পাতা/-২

(পাতা নং-২)

- (চ) গবেষণার বিষয়বস্তু দেশে প্রয়োগ উপযোগী ও সময়ের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ছ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঙ্ক বৃৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
- (জ) এই কর্মসূচির আওতায় আবেদনকারীর কোন চলমান গবেষণা থাকতে পারবে না।

৪। আবেদনপত্র আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে PCN (Project concept note) ফরম পূরণ করে অনলাইনে <http://202.72.235.210/gare> লিংক এর মাধ্যমে পাঠাতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। গবেষকগণ সারা বছর ধরে Online-এ আবেদন করতে পারবেন। তবে কেবলমাত্র ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বিবেচ্য হবে। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যিকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের মৌলিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও PCN (Project concept note) ফরম <http://202.72.235.210/gare> লিংক হতে সংগ্রহ করা যাবে।

১৫০৩০৩১৬
২৪০৬।২০২৩

(ড. মোঃ ফরহাদ হোসেন)

উপসচিব

ফোন : ৫৫১০০৫০৯